



পাবনা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের সিপ প্রজেক্টের নব গঠিত ইমপ্লুয়ার্স কমিটির ১ম সভা অনুষ্ঠিত

গত সোমবার পাবনা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের সিপ প্রজেক্টের আওতায় নব গঠিত ইমপ্লুয়ার্স কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়। অধ্যক্ষের কক্ষে অনুষ্ঠিত সভায় ইমপ্লুয়ার্স কমিটির সদস্যগণ ছাড়াও উপস্থিত ছিলেন প্রতিটি ট্রেডের চীফ ইন্সট্রাক্টর, সংশ্লিষ্ট প্রজেক্টের প্রশিক্ষকবৃন্দসহ গেস্ট ট্রেইনারগণ। নব গঠিত ইমপ্লুয়ার্স কমিটির সদস্যগণ হলেন, প্রকৌশলী এস, এম, ইমদাদুল হক, অধ্যক্ষ, পাবনা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, ডঃ মোঃ মুরাদ হোসেন, অধ্যক্ষ, পাবনা পলিটেকনিক ইন্সটিটিউট, শিব চন্দ্র সরকার, অধ্যক্ষ, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, পাবনা, মোঃ শরিফুল ইসলাম, সহকারী পরিচালক, যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র, পাবনা, দবির উদ্দিন আহমেদ, রেসিডেন্ট এডভাইজর, স্কয়ার (২য় পৃষ্ঠায়)

পাবনা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের

(১ম পৃষ্ঠার পর) ফার্মাসিউটিক্যালস লিঃ, জেমস প্রবর সরকার, ব্যবস্থাপনা পরিচালক, প্রবর গ্রুপ, সোহানী হোসেন, ব্যবস্থাপনা পরিচালক, ইউনিভার্সাল ফুড প্রডাক্টস লিঃ, মোঃ রশ্বল আমিন বিশ্বাস রানা, চেয়ারম্যান, রানা গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ, গণেশ চন্দ্র ঘোষ, চেয়ারম্যান, শ্যামলী ফুড প্রডাক্টস লিঃ, মোঃ সাইফুল আলম স্বপন, ব্যবস্থাপনা পরিচালক, প্রব কনস্ট্রাকশন লিঃ, মোঃ ফরিদুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক, সাদিত-সাইমুন এগ্রো ফার্ম লিঃ, আবু তালেব, ব্যবস্থাপনা পরিচালক, ডায়মন্ড ইন্ডাস্ট্রিজ (প্রাঃ) লিঃ, মোঃ জিনায়েত হোসেন জিন্না, পরিচালক, পাবনা কেবলভিশন, মোঃ মোখলেছুর রহমান ১৮পূব, ব্যবস্থাপনা পরিচালক, দৈনিক ইছামতি। ইলেকট্রিক্যাল ট্রেডের প্রশিক্ষক মোঃ সোহেল রানার সঞ্চালনায় উক্ত সভায় অধ্যক্ষ প্রকৌশলী এস, এম, ইমদাদুল হক পাবনা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের সিপ প্রজেক্টসহ বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রম ও ইসি কমিটির গুরুত্ব তুলে ধরেন। এছাড়াও সভায় স্কয়ার ফার্মাসিউটিক্যালস লিঃ এর রেসিডেন্ট এডভাইজর দবির উদ্দিন কারিগরি প্রশিক্ষণ এর গুরুত্ব ও মানোন্নয়ন নিয়ে আলোচনা করেন। ইউনিভার্সাল ফুড প্রোডাক্টের ব্যবস্থাপনা পরিচালক সোহানী হোসেন পাবনা টিটিসির প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ নিয়ে সন্তোষ প্রকাশ করেন এবং প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ শেষে তাদের কর্মসংস্থানে সহযোগিতা করার আশ্বাস প্রদান করেন। সাদিত-সাইমুন এগ্রোফার্ম লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মোঃ ফরিদুল ইসলাম প্রশিক্ষার্থীদের ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টের উপর গুরুত্ব আরপ করেন। তিনি বলেন, প্রশিক্ষণ শেষে প্রশিক্ষার্থীদের তার ইন্ডাস্ট্রিতে বাস্তব প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি করবেন, যেন প্রশিক্ষার্থীরা প্রশিক্ষণ শেষে বিভিন্ন প্রতিষ্ঠানে চাকুরী করতে পারে। এছাড়াও বক্তব্য রাখেন ডায়মন্ড ইঞ্জিনিয়ারিং এর ব্যবস্থাপনা পরিচালক আবু তালেব, পাবনা পলিটেকনিক ইন্সটিটিউটের অধ্যক্ষ ডঃ মুরাদ হোসেন, পাবনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ এর অধ্যক্ষ, শিব চন্দ্র সরকার ও অত্র কেন্দ্রের চীফ ইন্সট্রাক্টর সহ আরো অনেকে। বিজ্ঞপ্তি